

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.১৩০০.০০০.১৪.০৪১.১৫.২৫৬

তারিখঃ ০২/০৪/২০১৬

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ চাঁদপুর জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-৪৬.৪২.১৩০০.১০২.১৭.০০২.১৬.৬০, তারিখঃ ১৪/২/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫২,১৭,৭৩৭/- (বায়ান্ন লক্ষ সতের হাজার সাতশত সাইত্রিশ) টাকায় প্রকল্প তালিকার ক্রমিক নং-২৭ ও ৩৪ এ উল্লিখিত ২টি প্রকল্প ব্যতিত এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত ৪৬টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

শর্তসমূহঃ

- ১) প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চাঁদপুর কর্তৃক পরীক্ষা করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করতে হবে;
- ৩) সাধারণ জনগণ পানি পান করতে পারে এরূপ উন্মুক্ত এলাকায় গভীর নলকূপ স্থাপন করতে হবে এবং নলকূপটি 'সাধারণ জনগণের পানীয় জলের জন্য' এরূপ একটি সাইনবোর্ড স্থাপন করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁদপুর।

(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

অনুলিপি-(জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, চাঁদপুর।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।